গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শৃংখলা শাখা-২

নং সম/শৃঃ২ (বিঃ মাঃ)-১/৯০-৮(২০০)　　　　তারিখ -১৪-১-৯১ ইং।
৩০-৯-৯৭ বাং।

## অফিস স্মারক

বিষয় - সরকারী কর্মচারীদের বিভাগীয় পরীক্ষায় এবং বি সি এস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগ বিরুদ্ধে বিভাগীয় মামলা।

সরকার বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় কর্তৃক বিভিন্ন সার্ভিস ক্যাডারের কর্মকর্তাদের জন্য আয়োজিত পরীক্ষায় অসদুপায় অবলম্বন এবং পরিদর্শকদের সহিত দুর্ব্যবহারের দুঃখজনক ঘটনা লক্ষ্য করিয়াছেন। সরকারী কর্মকর্তাদের এই ধরনের আচরণ ও কার্যকলাপ ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ২ (এফ) বিধি মোতাবেক অসদাচরণের আওতাভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ।

২। এই ধরনের অসদুপায় অবলম্বন ও সংশ্লিষ্ট পরিদর্শকদের সহিত দুর্ব্যবহারের অভিযোগে বাংলাদেশ সরকারী কর্মকমিশন তাহাদের [illegible] বিধি বিধান মতে ব্যবস্থা গ্রহণ করতে পারেন। তবে কমিশন কর্তৃক গৃহীত ব্যবস্থা সত্ত্বেও সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণ ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ২ (এফ) ধারাতে সংজ্ঞায়িত অসদাচরণ সংক্রান্ত অপরাধ হইতে অব্যাহতি পাইবেন না এবং তাহাদের বিরুদ্ধে উক্ত বিধিমালার শৃংখলা মূলক ব্যবস্থা গ্রহণ করিয়া দন্ড প্রদানে আইনগত বাধা নাই।

৩। এমতাবস্থায়, ভবিষ্যতে যাহাতে সরকারী কর্মচারীদের মধ্যে পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন ও পরিদর্শকদের সহিত দুর্ব্যবহারের প্রবণতা সৃষ্টি না হয় সেইজন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, সরকারী কর্মকমিশন সচিবালয় হইতে পরীক্ষায় সংক্রান্ত অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হইতে তাহাদের নিয়ন্ত্রণাধীন সার্ভিস ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে উপরোক্ত বিধিমালা মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৪। এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবার জন্য সচিবদের অনুরোধ করা যাইতেছে।

স্বাক্ষর /- মোঃ হাবিবুর রহমান
সচিব।

বিতরণ ঃ-

XXX　　　　XXX　　　　XXX

৩। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল মন্ত্রণালয়/বিভাগ)।

XXX　　　　XXX　　　　XXX

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা

নং ৩/৯১-স্বঃমঃ(প্রশাসন)/সংশ/ ৬২ (৬০)　　　　তারিখ ২৭-১-৯১ ইং।
১৩-১০-৯৭ বাং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ-

১। বিভাগীয় প্রধান (সকল) মহা কারা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।

XXX　　　　XXX　　　　XXX

স্বা /- মোঃ শাহজাহান চৌধুরী
সহকারী সচিব (প্রঃ)।

নং পি ডি/এস ই টি-২৮/৮৭/----৯২৭(৩৫)　　　　তারিখ ৭ অক্টোবর'৯১ ইং।
২৩ আশ্বিন'৯৮ বাং।

অনুলিপি অবগতি ও অনুসরনের জন্য প্রেরিত হইল ঃ-

১। উপ মহা কারা পরিদর্শক, সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার।
২। সহকারী মহা কারা পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।
৪। ভারপ্রাপ্ত শাখা প্রধান, দপ্তর সংস্থাপন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। গার্ড ফাইল।

( মোঃ সাইফুল ইসলাম )
প্রশাসনিক কর্মকর্তা
পক্ষে মহা কারা পরিদর্শক

এম, রহমান,
৬-১০-৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২৪.০৩.০০৪.১৩-৪৫২(৭৪)

তারিখ ঃ ১১ ভাদ্র ১৪২০ বঃ / ২৬ আগস্ট ২০১৩ খ্রিঃ

বিষয় ঃ **যে সকল কারা কর্মকর্তা/কর্মচারিদের নিয়োগকর্তা রাষ্ট্রপতি/কারা মহাপরিদর্শক সেই সকল কারা কর্মকর্তা/কর্মচারিদেরকে আদালতে কিংবা বিভাগীয় মামলার তদন্তানুষ্ঠানে স্বাক্ষ্য দেওয়ার ব্যাপারে স্বঃ স্বঃ বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক কর্তৃক অনুমতি প্রদান প্রসংগে।**

বরাত ঃ কারা অধিদপ্তরের স্মারক নং-পিডি/এমইটি-১/৯৯/২১৬ (৪) তারিখঃ ০৮-০৬-১৯৯৯ খ্রিঃ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কারা কর্মকর্তা-কর্মচারিদের আদালতে কিংবা বিভাগীয় মামলার তদন্তানুষ্ঠানে সাক্ষ্য দেয়ার নিমিত্তে হাজিরার বিষয়ে কারা অধিদপ্তরে পত্র যোগাযোগ করা হচ্ছে। এতে অযথা কালক্ষেপন হয় এবং কোন কোন ক্ষেত্রে অনুমতির চিঠি কারাগারে পৌছার পূর্বেই হাজিরার নির্ধারিত তারিখ অতিক্রান্ত হয়ে যায়। বরাতে উল্লেখিত পত্রের নির্দেশনা অনুযায়ী বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকগণ এ সংক্রান্ত অনুমতি প্রদান করবেন (ছায়ালিপি সংযুক্ত)। বর্ণিত স্মারকের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৬/৮/২০১৩

(এ, কে, এম জহির উদ্দিন বাবর)
সহকারি কারা মহাপরিদর্শক(প্রশাসন)
পক্ষে কারা মহাপরিদর্শক
ফোনঃ ৭৩০০৪৬৬(দপ্তর)।

সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

সংযুক্তিসহ জ্ঞাতার্থে ঃ

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর।

EB-2-59

২৯৫
২৮/১/০৯

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
পুরাতন বিমান বন্দর ভবন,
তেজগাঁও, ঢাকা-১২১৫।

নংঃ পি এসসি/প্রশা-৬(১৫)/বিভাগীয় মামলা/২০০৮/১২৪ তারিখ-২৩/১২/২০০৮ খ্রিঃ।

বিষয় ঃ বিভাগীয় মামলায় অভিমত দেবার সুবিধার্থে তথ্য প্রদান প্রসঙ্গে।

০১। বাংলাদেশ সরকারের ১ম শ্রেণী ও ২য় শ্রেণী গেজেটেড কর্মকর্তাদের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় গুরুদন্ড আরোপের ক্ষেত্রে কর্ম কমিশনের মতামত গ্রহন করা হয়ে থাকে। বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে গঠিত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার জবাব, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ইত্যাদি পর্যালোচনা করে কমিশনের অভিমত জ্ঞাপন করা হয়। বর্তমানে কমিশনের অভিমত প্রদানের ক্ষেত্রে বর্ণিত কাগজপত্র/তথ্য ছাড়াও অভিযুক্ত কর্মকর্তা সম্পর্কে আরও কতিপয় তথ্যের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। এসকল তথ্যাদি ব্যতিরেকে কমিশনের পক্ষে বিভাগীয় মামলায় যথাযথ অভিমত প্রদান করা অসুবিধাজনক হয়ে পড়ে।

০২। বর্ণিত অবস্থায়, ১ম শ্রেণী ও ২য় শ্রেণী গেজেটেড কর্মকর্তাদের বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় প্রস্তাবিত গুরুদন্ডের বিষয়ে কর্ম কমিশনের অভিমত গ্রহণের লক্ষ্যে প্রেরিত প্রস্তাবে অভিযুক্ত কর্মকর্তা সম্পর্কে নিম্নোক্ত অতিরিক্ত তথ্যাদি প্রদানের জন্য অনুরোধ করা হল ঃ

(ক) অভিযুক্ত কর্মকর্তার নাম (প্রযোজ্য ক্ষেত্রে ক্যাডার ও পরিচিতি নম্বরসহ) ঃ
(খ) জন্ম তারিখ/এল, পি, আর-এ যাবার প্রাক্কলিত তারিখ ঃ
(গ) চাকুরীতে যোগদানের তারিখ, যোগদানকালীন পদ ও বেতন স্কেল ঃ
(ঘ) চাকুরীতে স্থায়ী/নিয়মিত কি না ঃ
(ঙ) শিক্ষানবিশকাল শেষ হয়েছে কি না ঃ
(চ) অভিযোগ দায়েরকালে কর্মরত পদের নাম এবং এ পদের বেতন স্কেল ঃ
(ছ) এ পদে অভিযুক্ত কর্মকর্তার যোগদানের তারিখ ঃ
(জ) বর্ণিত অভিযোগে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে কোন ফৌজদারী/দুদকের মামলা রুজু আছে কি না বা কোন ফৌজদারী মামলায় সাজাপ্রাপ্ত কি না। ঃ
(ঝ) অভিযুক্ত কর্মকর্তা সাময়িকভাবে বরখাস্ত রয়েছেন কি না। ঃ

স্বাক্ষরিত/-
(মোঃ আব্দুস সাত্তার)
সচিব
ফোন ঃ ৮১১৪৩২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১

নং-স্বঃমঃ(প্রশা-১)বিবিধ-৯/২০০০-১৮ তারিখ-০৬/০১/২০০৯ খ্রিঃ।

উপরে বর্ণিত স্মারকের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল ঃ

স্বাক্ষরিত/-
(মহঃ মনিরুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৮২৩৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। কারা মহা পরিদর্শক, কারা অধিদপ্তর (সকল অধিদপ্তর/দপ্তর প্রধান)
০২। উপ-সচিব/উপ-প্রধান ............. (প্রশাসনিক শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০৩। সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ............ (প্রশাসনিক শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

কারা অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-পিডি/আইন/এমইটি-২/২০০৯/২৭ (৬) তারিখ-১৪/০১/২০০৯ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। কারা উপ মহা পরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর।
০২। শাখা প্রধান, প্রশাসন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
০৩। সার্কুলার নথী।

স্বাক্ষরিত/-
(মুহম্মদ মুস্তাফিজুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (অর্থ)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

চলমান পাতা-২

Phone:-2-3976.

Govt. of the People's Republic of Bangladesh,
Prisons Directorate, Dacca.

No.617(56)/APL-12/72., dated 28.4.72.

To
The D.I.G. of Prisons of all Divisions and the Superintendents of all Dist. Jails and Sub-Jails and Borstal School, Murapara, Dacca.

Sub:- Procedures for drawal of departmental proceedings against Govt. Servants.

It has been observed that the reporting officers are sometimes appointed as Inquiry Officers to conduct the departmental proceedings against Jail staff. This practice is irregular and against the course of natural justice. As per rule 8 of the Efficiency and Discipline Rules, where a Govt. Servant is proceeded against, under clause (a) or clause (b) or (c) of rule 3 of the above Rules, and the authority has decided that the case calls for a major penalty, he shall appoint an officer senior in rank to the person proceeded against to be the Inquiry Officer to conduct the proceedings. Obviously, therefore, officer other than the reporting officer who fulfills the above conditions may be appointed as an Inquiry Officer.

Instances have also come to the notice of this office that the charge sheet in some cases is signed and issued by an officer other than the appointing authority. This is also highly irregular.

As all these defects make the whole proceedings infructuous on court proceedings and on departmental appeal it is requested that the above defects be invariably avoided in all departmental proceedings in future.

An acknowledgement is requested.

N.B. Where the report is initiated by the Dy. Jailor/Jailor there is no bar for the Superintendent to be the Inquiry Officer.

(M. Rahman) 3/5/72
Inspector-General of Prisons,
Bangladesh.

Gias/28.4

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-১ অধিশাখা

পত্র সংখ্যা-৪৪.০০.০০০০.০২৩.০০১.১২(অংশ-১)- ৪১৫ তারিখ : ০১ পৌষ,১৪২২বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর,২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়টি : বিভাগীয় মামলা রুজু, মামলা পরিচালনা ও শাস্তি প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ প্রসঙ্গে।

সূত্র : এ,টি মামলা নম্বর-১১৫/২০১৫ এর উপর বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া এর ০৪/১১/২০১৩ তারিখের পর্যালোচনা

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভাগীয় মামলা রুজু, মামলা পরিচালনা ও শাস্তি প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি-বিধান যথাঃ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগনামা স্বাক্ষর, উপযুক্ত কর্মকর্তা কর্তৃক তদন্ত পরিচালনা, যথাসময়ে নোটিশ প্রদান নিশ্চিতকরণ। আত্মপক্ষ সমর্থনের সুযোগ দান ইত্যাদি যথাযথভাবে অনুসরণ না করায় পরবর্তীতে প্রশাসনিক ট্রাইব্যুনাল/উচ্চ আদালতে দায়েরকৃত মামলায় সরকারের বিপক্ষে রায় চলে যায়। এহেন পরিস্থিতি পরিহারের লক্ষ্যে বিভাগীয় মামলা রুজু, মামলা পরিচালনা ও শাস্তি প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি-বিধান যথাযথভাবে অনুসরণে ভবিষ্যতে যেন কোন ধরনের ত্রুটি-বিচ্যুতি না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের নিকট নির্দেশনাপত্র জারীর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সাহানা) ১৫/১২/২০১৫
উপসচিব
ফোন : ৯৫৫০০১৭

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা।

**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশী বাজার, ঢাকা-১২১১

স্মারক নং-৪৪.০৭.০০০০.০২৮.০৯.০১৪.২০১২-৮৩৫(৭৫) তারিখ : ০৭ পৌষ ১৪২২ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৪৪.০০.০০০০.০২৩.০০১.১২(অংশ-১)-৪১৫ তারিখঃ ১৫-১২-২০১৫ খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক যথাযথ কার্যক্রম গ্রহণের অনুরোধসহ অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
৩। কারা তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।

২১/১২/১৫
(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোনঃ ৭৩০০৫১৪ (দপ্তর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/তরিউ ডি-১/৮৮/ ৪৭ (৮৪) তারিখ ২৬ ডিসেম্বর/৯৯। ১১ পৌষ/১৪০৬

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক ।

প্রাপক : ১। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ ।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার ।
৩। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার ।
৪। তত্ত্বাবধায়ক, সকল থানা কারাগার ।

বিষয় : বিভাগীয় মামলায় প্রদত্ত শাস্তি কার্যকর করা প্রসংগে ।

বরাত : ঢাকা বিভাগীয় কারা উপ-মহা পরিদর্শকের দপ্তরের স্মারক নং বিবিধ-১/৯৯/ ২০৩৮ তারিখ ২৭-১০-৯৯ইং ।

ইদানিং লক্ষ্য করা যাইতেছে যে, কোন কোন কর্মকর্তা/কর্মচারীর বিভাগীয় মামলার শাস্তি হিসাবে বাৎসরিক বেতন বৃদ্ধি স্থগিত করার ক্ষেত্রে স্থায়ী/অস্থায়ী শব্দ ব্যবহার করা হয় । কিন্তু কারা বিধির ১১৪ ধারা এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর বিধি ৪-এ বর্ণিত মোতাবেক বাৎসরিক বেতন বৃদ্ধি স্থগিত করার শাস্তি প্রদানের ক্ষেত্রে স্থায়ী/অস্থায়ী শব্দ ব্যবহারের কোন সুযোগ নাই । শাস্তির আদেশে বাৎসরিক বেতন বৃদ্ধি স্থগিত করার ক্ষেত্রে স্থায়ী/অস্থায়ী শব্দ ব্যবহার করার ফলে যাহাদের বেতন বৃদ্ধি স্থায়ীভাবে স্থগিত রাখা হয় তাহারা স্বাভাবিকভাবেই পরবর্তীতে অর্থাৎ শাস্তির মেয়াদ শেষে স্থগিতকৃত বাৎসরিক বর্দ্ধিত বেতন (ইনক্রিমেন্ট) প্রাপ্ত হন না ।

শাস্তি হিসাবে স্থগিতকৃত বাৎসরিক বেতন বৃদ্ধি স্থায়ী/অস্থায়ীভাবে কার্যকর করা হইবে কিনা সেই ব্যাপারে কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/জেআর-৪/৯৩/১০৫৯ তারিখ ০৩-১০-৯৫ইং (ছায়ালিপি সংযুক্ত) এর মাধ্যমে সরকারী সিদ্ধান্ত আহবান করা হইলে সদাশয় সরকার স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের স্মারক নং-১ই-১২/৯৪-জেল-১/২০২ তারিখ ২৮-০৩-৯৫ইং (ছায়ালিপি সংযুক্ত) এর মাধ্যমে যে সিদ্ধান্ত প্রদান করিয়াছেন তাহা নিম্নে বিবৃত করা হইলঃ-

" কোন কর্মকর্তা/কর্মচারীর বিভাগীয় মামলার শাস্তি হিসাবে বাৎসরিক বেতন বৃদ্ধি স্থগিত থাকিলে শাস্তির মেয়াদ শেষ হওয়ার পরবর্তী বৎসরে স্থগিত বাৎসরিক বর্ধিত বেতন (ইনক্রিমেন্ট) সহ ধরিয়া বেতন নির্ধারন করিতে হইবে। কিন্তু এই বাবদ বিগত ইনক্রিমেন্ট বন্ধ থাকাকালীন সময়ের কোন বকেয়া বেতন পাইবেন না "।

অতএব, বিভাগীয় মামলার শাস্তি হিসাবে বাৎসরিক বেতন বৃদ্ধি স্থগিত করার ক্ষেত্রে স্থায়ী/অস্থায়ী শব্দ ব্যবহার না করার এবং এইরূপ শাস্তি কার্যকর করার ব্যাপারে উপরোল্লিখিত স্মারকের মাধ্যমে প্রদত্ত সরকারী সিদ্ধান্ত অনুসরন করার জন্য বলা যাইতেছে ।

স্মারকটির প্রাপ্তি স্বীকার করার জন্য বলা হইল ।

সংযুক্তঃ 2 পাতা ।

(স্বাক্ষর) ২৬/১২

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক
ফোন-৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর) ।

মোতালেব
-------

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- পিডি/ এসইটি-১/৯৯/ ২২৬(৪)

তারিখঃ ০৮ জুন/৯৯
২৫ জ্যৈষ্ঠ/১৪০৬

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক।

প্রাপক : কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ।

বিষয় : যে সমস্ত কারা কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ কর্তা রাষ্ট্রপতি/কারা মহা পরিদর্শক সেই সমস্ত কারা কর্মকর্তা/কর্মচারীদেরকে আদালতে কিংবা বিভাগীয় মামলার তদনুনুষ্ঠানে স্বাক্ষ্য দেওয়ার ব্যাপারে স্বঃ স্বঃ বিভাগীয় কারা উপ-মহা পরিদর্শক কর্তৃক অনুমতি প্রদান প্রসংগে।

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাইতেছে যে, যে সমস্ত কারা কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ কর্তা মহামান্য রাষ্ট্রপতি/কারা মহা পরিদর্শক সেই সমস্ত কারা কর্মকর্তা/কর্মচারীদেরকে আদালতে কিংবা বিভাগীয় মামলার তদনু অনুষ্ঠানে বা অন্য কোন স্থানে সাক্ষ্য দানের নিমিত্তে হাজির হওয়ার অনুমতি কারা মহা পরিদর্শক দিয়া থাকেন। অনেক সময় হাজিরার তারিখ নিকটবর্তী থাকায় অনুমতির চিঠি কারাগারে পৌঁছানোর পূর্বেই হাজিরার নির্ধারিত তারিখ অতিক্রান্ত হইয়া যায়। ফলে অনুমতির অভাবে সংশ্লিষ্ট সাক্ষী নির্ধারিত তারিখে আদালতে কিংবা বিভাগীয় মামলার তদনুনুষ্ঠানে হাজির হইয়া সাক্ষ্য প্রদান করিতে ব্যর্থ হয়। এমতাবস্থায় সাক্ষ্যদানের নিমিত্তে সাক্ষীর হাজিরার বিষয়টি সহজতর ও অধিক নিশ্চিত করার লক্ষ্যে এখন হইতে বিভাগীয় কারা উপ-মহা পরিদর্শকগন তাহাদের বিভাগের অধিনস্থ সকল কারা কর্মকর্তা/কর্মচারী-দিগকে আদালতে কিংবা বিভাগীয় মামলার তদনুনুষ্ঠানে বা কোন স্থানে সাক্ষ্য দেওয়ার অনুমতি প্রদান করিবেন।

জেলার ও তদুর্ধ পর্যায়ের কর্মকর্তাদের এতদসংক্রান্ত অনুমতি প্রদানের চিঠির অনুলিপি অবশ্যই কারা অধিদপ্তরে প্রেরন করিতে হইবে।

স্মারকটির প্রাপ্তি স্বীকার করার জন্য অনুরোধ করা হইল।

(স্বাক্ষর) ৮/৬
মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/ এসইটি-১/৯৯/২২৬/১(৭০)

তারিখঃ ০৮ জুন/৯৯
২৫ জ্যৈষ্ঠ/১৪০৬

অতীব জরুরী

অনুলিপি অবগতির জন্য প্রেরন করা হইল :-

১। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
২। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।
৩। সহকারী কারা মহা পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। প্রধান সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। গার্ড ফাইল।

(স্বাক্ষর) ৮/৬
মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক।
ফোন : ৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর)

শৈলেশ/
৮-৬-৯৯ ইং।

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- পিডি/ এমইটি-১/৯৯/ ২৯৬(৪)

তারিখঃ ০৮ জুন/ ৯৯
২৫ জ্যৈষ্ঠ/১৪০৬

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক।

প্রাপক : কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ।

বিষয় : যে সমস্ত কারা কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ কর্তা রাষ্ট্রপতি/কারা মহা পরিদর্শক সেই সমস্ত কারা কর্মকর্তা/কর্মচারীদেরকে আদালতে কিংবা বিভাগীয় মামলার তদন্তানুষ্ঠানে সাক্ষ্য দেওয়ার ব্যাপারে স্বঃ স্বঃ বিভাগীয় কারা উপ-মহা পরিদর্শক কর্তৃক অনুমতি প্রদান প্রসংগে।

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাইতেছে যে, যে সমস্ত কারা কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ কর্তা মহামান্য রাষ্ট্রপতি/কারা মহা পরিদর্শক সেই সমস্ত কারা কর্মকর্তা/কর্মচারীদেরকে আদালতে কিংবা বিভাগীয় মামলার তদন্তানুষ্ঠানে বা অন্য কোন স্থানে সাক্ষ্য দানের নিমিত্তে হাজির হওয়ার অনুমতি কারা মহা পরিদর্শক দিয়া থাকেন। অনেক সময় হাজিরার তারিখ নিকটবর্তী থাকায় অনুমতির চিঠি কারাগারে পৌঁছানোর পূর্বেই হাজিরার নির্ধারিত তারিখ অতিক্রান্ত হইয়া যায়। ফলে অনুমতির অভাবে সংশ্লিষ্ট সাক্ষী নির্ধারিত তারিখে আদালতে কিংবা বিভাগীয় মামলার তদন্তানুষ্ঠানে হাজির হইয়া সাক্ষ্য প্রদান করিতে ব্যর্থ হয়। এমতাবস্থায় সাক্ষ্যদানের নিমিত্তে সাক্ষীর হাজিরার বিষয়টি সহজতর ও অধিক নিশ্চিত করার লক্ষ্যে এখন হইতে বিভাগীয় কারা উপ-মহা পরিদর্শকগন তাহাদের বিভাগের অধিনস্থ সকল কারা কর্মকর্তা/কর্মচারীদিগকে আদালতে কিংবা বিভাগীয় মামলার তদন্তানুষ্ঠানে বা কোন স্থানে সাক্ষ্য দেওয়ার অনুমতি প্রদান করিবেন।

জেলার ও তদূর্ধ পর্যায়ের কর্মকর্তাদের এতদসংক্রান্তে অনুমতি প্রদানের চিঠির অনুলিপি অবশ্যই কারা অধিদপ্তরে প্রেরন করিতে হইবে।

স্মারকটির প্রাপ্তি স্বীকার করার জন্য অনুরোধ করা হইল।

(স্বাক্ষর) ৮/৬
মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/ এমইটি-১/৯৯/ ২৯৬/১(৭০)

তারিখঃ ০৮ জুন/ ৯৯
২৫ জ্যৈষ্ঠ/১৪০৬

অনুলিপি অবগতির জন্য প্রেরন করা হইল :-

১। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
২। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।
৩। সহকারী কারা মহা পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। প্রধান সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। গার্ড ফাইল।

(স্বাক্ষর) ৮/৬
মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক।
ফোন : ৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর)

শৈলেশ/
৮-৬-৯৯ ইং।